



জেলা পরিষদ
রাজবাড়ী

www.zprajbari.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৩০.৮২০০.০০১.০৭.০২৪.১৭-০৮(৫০)


তারিখ : ২৭ শ্রাবণ ১৪২৮
১১ আগস্ট ২০২১

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে রাজবাড়ী জেলা পরিষদ কর্তৃক গৃহীত কার্যক্রম।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে সরকারি দপ্তরে বিভিন্ন কর্মসূচি পালনের নির্দেশনা রয়েছে। তদপ্রেক্ষিতে রাজবাড়ী জেলা পরিষদ নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করেছে।

১. রাজবাড়ী জেলা পরিষদ অফিস চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ম্যুরালে ১৫ আগস্ট, ২০২১ জাতীয় শোক দিবসে (সকাল-৯.০০ টায়) স্বাস্থ্য বিধি মেনে পুষ্পস্তবক অর্পণ।
২. ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীদের মাসব্যাপী কালো ব্যাজ ধারণ।
৩. জেলা পরিষদ ভবনে ও ডাকবাংলোসমূহে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ড্রপডাউন ব্যানার প্রদর্শন।
৪. রাজবাড়ী জেলা পরিষদ ভবনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলন।
৫. জেলা পরিষদ কর্তৃক জেলা পরিষদ অফিস ভবনের সামনে, গোয়ালন্দ উপজেলা পরিষদের সামনে এবং বালিয়াকান্দি বাস স্ট্যান্ডে মেইন রোডে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে তোরণ নির্মাণ।
৬. বাদ যোহর জেলা পরিষদ অফিসের নামাজের ঘরে বিশেষ মোনাজাত।

উপর্যুক্ত কর্মসূচীসহ রাজবাড়ী জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অন্যান্য কর্মসূচীতে সংশ্লিষ্ট সকলকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ মানিকুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজবাড়ী
ফোন: ০৬৪১-৬৬৬০৩

E-mail : zprajbari@yahoo.com

বিতরণ :

- ১। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ২। গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। গোপনীয় সহকারী, জেলা পরিষদ, রাজবাড়ী (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সদস্য (সকল), জেলা পরিষদ, রাজবাড়ী।
- ৫। সকল কর্মকর্তা/কর্মচারী, জেলা পরিষদ, রাজবাড়ী।
- ৬। রাজবাড়ী জেলা পরিষদের ওয়েবসাইট (www.zprajbari.gov.bd)।